**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 14-02-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যে এখন পর্যন্ত মোট ১৫ লক্ষ ৬১ হাজার ৩২৬ জন সুবিধাভোগীকে আয়ুষ্মান কার্ড প্রদান করা হয়েছে ।**

**(২) মৎস্যমন্ত্রী সুধাংশু দাস আজ আগরতলার পূর্বাশা প্রাঙ্গণে দুদিন ব্যাপী রাজ্য ভিত্তিক মৎস্য উৎসবের সূচনা করেন।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে ভারত ও আমেরিকা ২০৩০ সালের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য দ্বিগুণ করে ৫০০ বিলিয়ন ডলারে উন্নীত করার সিদ্ধান্ত নিয়েছে ।**

**(৪) ৩৮তম জাতীয় গেমস আজ শেষ হয়েছে। শীর্ষ স্থান দখল করেছে সার্ভিসেস স্পোর্টস কন্ট্রোল বোর্ড ।**

*************************************

**AB–PMJAY :**

রাজ্যে এখন পর্যন্ত মোট ১৫ লক্ষ ৬১ হাজার ৩২৬ জন সুবিধাভোগীকে আয়ুষ্মান ভারত-প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা বা AB–PMJAY প্রকল্পের আয়ুষ্মান কার্ড প্রদান করা হয়েছে। এর মধ্যে প্রায় ৪ লক্ষ ৬৯৬ জন সুবিধাভোগী বিভিন্ন হাসপাতাল থেকে বিনামূল্য চিকিৎসা পরিষেবা পেয়েছেন। এক্ষেত্রে রাজ্যের বাইরের বিভিন্ন হাসপাতাল থেকে পরিষেবা পেয়েছেন ৬ হাজার ৪৭৫ জন সুবিধাভোগী। এই প্রকল্পে রাজ্যের সুবিধাভোগীদের প্রায় ২১৬ কোটি ৮০ লক্ষ টাকার দাবি নিষ্পত্তি করা হয়েছে।

এদিকে, রাজ্যে এপর্যন্ত মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনায় বা CMJAY-2023 প্রকল্পে ২ লক্ষ ২৩ হাজার ৭০২টি পরিবারের মোট ৪ লক্ষ ৮৯ হাজার ৫৮০ জন সুবিধাভোগীকে আয়ুষ্মান কার্ড প্রদান করা হয়েছে। এই প্রকল্পে এখন পর্যন্ত প্রায় ২৫ হাজার সুবিধাভোগী বিভিন্ন হাসপাতাল থেকে বিনামূল্য চিকিৎসা পরিষেবা পেয়েছেন। যার মধ্যে রাজ্যের বাইরের বিভিন্ন হাসপাতাল থেকে পরিষেবা পেয়েছেন ২১৬ জন সুবিধাভোগী। CMJAY ২০২৩ প্রকল্পের অধীনে এখন পর্যন্ত প্রায় ১২ কোটি টাকার দাবি নিষ্পত্তি করা হয়েছে। সরকারী সূত্রে আজ এখবর জানা গেছে।

****************************

**Fish Festival :**

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস আজ আগরতলার পূর্বাশা প্রাঙ্গণে দুদিন ব্যাপী রাজ্য ভিত্তিক মৎস্য উৎসবের সূচনা করেন। তিনি বলেন, রাজ্যে বর্তমানে মাছের উৎপাদন রয়েছে ৮৫ হাজার মেট্রিক টন। চাহিদা রয়েছে ১ লক্ষ ১৭ হাজার মেট্রিক টন। যোগান আর চাহিদার মধ্যে ব্যবধান রয়েছে প্রায় ৩২ হাজার মেট্রিক টন। রাজ্য সরকার এই চাহিদা মেটাতে ইতিমধ্যে প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনা ও মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনা চালু করেছে। এই প্রকল্পগুলির মাধ্যমে মাছের উৎপাদন বাড়ানোর জন্য রাজ্যের মৎস্য চাষীদের আধুনিক প্রযুক্তি সহায়তা ও পাশাপাশি প্রয়োজনীয় আর্থিক সহায়তা করা হচ্ছে। মৎস্য মন্ত্রী বলেন, মৎস্য চাষ বাড়ানোর জন্য রাজ্য সরকার এন.ই.সি'র কাছে ১০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করেছিল। ইতিমধ্যে এন.ই.সি-র বরাদ্দকৃত ৫ কোটি টাকা প্রায় ৫০০ জন মৎস্য চাষীর মধ্যে বিতরন করা হয়েছে। তিনি আরো জানান, রাজ্যে ইন্টিগ্রেটেড একোয়া পার্কের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে ১০০ কোটি টাকা চাওয়া হয়েছিল। ইতিমধ্যে কেন্দ্রীয় সরকার রাজ্যকে ৪৩ কোটি টাকা প্রদান করেছে। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন মৎস্য সচিব দীপা ডি

নায়ার। উপস্থিত ছিলেন বিধায়িকা মীনা রানী সরকার, মৎস্য অধিকর্তা সন্তোষ দাস প্রমুখ। অনুষ্ঠানে মৎস্যচাষীদের সম্বর্ধনা প্রদান করা হয়।

*********************************

**Courtsey Meet :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ নতুনদিল্লীতে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী তথা বিজেপির সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডার সঙ্গে তাঁর সরকারি বাসভবনে সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকালে উভয়ের মধ্যে স্বাস্থ্য ক্ষেত্র সম্পর্কিত বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয়। মুখ্যমন্ত্রী স্বাস্থ্য ক্ষেত্রে ত্রিপুরার জন্য বিভিন্ন উন্নয়ন মূলক প্রকল্প গৃহীত হওয়ায় শ্রী নাড্ডাকে ধন্যবাদ জানান।

********************************

**Saksham-2025 :**

ও.এন.জি.স-র সক্ষম-২০২৫ এর অঙ্গ হিসাবে পরিবেশ পরিচ্ছন্ন ও সুরক্ষার লক্ষ্যে গ্রীন এন্ড ক্লিন এনার্জি বিষয়ক ১৫ দিনের সচেতনতামূলক কর্মসূচি আজ থেকে শুরু হয়েছে। ত্রিপুরা শিল্প ও বাণিজ্য দপ্তরের অধিকর্তা বিশ্বশ্রী বি আজ আগরতলায় ওএনজিসি ত্রিপুরা অ্যাসেট কার্যালয়ে এই কর্মসূচির সূচনা করেন। তিনি বলেন ওএনজিসি রাজ্যের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। প্রাকৃতিক গ্যাস উত্তোলন ছাড়াও গ্রীন ও ক্লিন এনার্জি রূপায়ণে বিভিন্ন সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করেছে যা পরিবেশকে পরিচ্ছন্নতা ও সুরক্ষা প্রদানে সহায়ক ভূমিকা গ্রহণ করবে। তিনি বলেন, রাজ্য সরকার ও গ্রীন এবং ক্লিন এনার্জি বাস্তবায়নের ক্ষেত্রে নানাবিধ প্রকল্প গ্রহণ করেছে। ব্লক স্তর থেকে তা কার্যকর করা হচ্ছে।

########Byte- Vishweshwar B-######

************************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

********************************

**PM, USA :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে ভারত ও আমেরিকা ২০৩০ সালের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য দ্বিগুণ করে ৫০০ বিলিয়ন ডলারে উন্নীত করার সিদ্ধান্ত নিয়েছে। আজ ওয়াশিংটন ডিসির হোয়াইট হাউসে মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনার পর যৌথ সাংবাদিক সম্মেলনে শ্রী মোদী বলেন, ভারত ও আমেরিকা ভারত-মার্কিন কৌশলগত অংশীদারিত্বকে এগিয়ে নিয়ে যাবে।

প্রধানমন্ত্রী বলেন, ভারতের প্রতিরক্ষা প্রস্তুতিতে আমেরিকা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তিনি বলেন, সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে ভারত ও আমেরিকা দৃঢ়ভাবে একসাথে দাঁড়িয়েছে এবং

উভয়েই একমত যে সীমান্তবর্তী সন্ত্রাসবাদ নির্মূল করার জন্য দৃঢ় পদক্ষেপ নেওয়া প্রয়োজন।

####Byte-PM####

মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প বলেছেন, বিশ্বের প্রাচীনতম এবং বৃহত্তম গণতন্ত্র - আমেরিকা এবং ভারতের মধ্যে একটি বিশেষ বন্ধন রয়েছে। তিনি উল্লেখ করেন যে, ভারত এবং মার্কিন যুক্তরাষ্ট্র জ্বালানি বিষয়ে একটি গুরুত্বপূর্ণ চুক্তিতে পৌঁছেছে যা মার্কিন যুক্তরাষ্ট্রকে ভারতে তেল ও প্রাকৃতিক গ্যাসের শীর্ষস্থানীয় সরবরাহকারী হিসেবে নিশ্চিত করবে।

******************************

**Bharat Rang Mohotsav :**

আগরতলার নজরুল কলাক্ষেত্রের আনন্দ ভবনে চলছে পাঁচ দিনব্যাপি ভারত রঙ মহোৎসব। ১১ই ফেব্রুয়ারি থেকে শুরু হওয়া এই উৎসবে একের পর এক নিখুঁত পরিবেশনা মঞ্চস্থ করে চলেছেন ন্যাশনাল স্কুল অফ ড্রামার শিল্পীরা।

########Capsule######

***************************

**Left Front :**

পাঁচটি বামপন্থী দলের উদ্যোগে আজ আগরতলার ওরিয়েন্ট চৌমুহনীতে তিন ঘন্টার গণ অবস্থান পালন করা হয়। গণঅবস্থানে বক্তব্য রাখতে গিয়ে প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার কেন্দ্রীয় বাজেটের সমালোচনা করে বলেন, এই বাজেটে সাধারণ মানুষের স্বার্থ উপেক্ষিত হয়েছে। তিনি অভিযোগ করেন এবারের কেন্দ্রীয় বাজেটে শিক্ষা, স্বাস্থ্য, কৃষক, মহিলা, গনবন্টন ব্যবস্থা, রেগা সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ ক্ষেত্রে ব্যয় বরাদ্দ কমিয়ে দেওয়া হয়েছে। ১০০ দিনের কাজের গ্যারান্টি দিয়ে দেশে রেগা চালু করা হয়েছিল।

কিন্তু বর্তমানে রেগার কাজ সংকুচিত করা হচ্ছে। শ্রী সরকার বলেন, দেশের জনগণের সার্বিক কল্যানে পাঁচটি বামপন্থী দলের পক্ষ থেকে সরকারের কাছে একটি ইতিবাচক বিকল্প প্রস্তাব রাখা হয়েছে। এই প্রস্তাব বাস্তবায়িত করার জন্য দেশব্যাপী আন্দোলন করা হবে। আজ থেকে আগামী ২০শে ফেব্রুয়ারি পর্যন্ত ৭ দিনব্যাপী দেশের সর্বত্র বাজেটে বিকল্প প্রস্তাব গ্রহণের জন্য আন্দোলন অব্যাহত রাখা হবে বলে শ্রী সরকার তাঁর বক্তব্যে উল্লেখ করেন। গণ অবস্থানে সিপিআইএম, সিপিআই, আরএসপি, ফরওয়ার্ড ব্লক এবং সিপিআই (এম এল) এর নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

******************************

**National Games :**

উত্তরাখণ্ডে অনুষ্ঠিত ৩৮তম জাতীয় গেমস আজ শেষ হয়েছে। হলদুয়ানীতে সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, কেন্দ্রীয় ক্রীড়া মন্ত্রী ড. মনসুখ মান্ডবিয়া, উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি সহ উত্তরাখন্ডের মন্ত্রিসভায় সদস্যরা। সমাপ্তি অনুষ্ঠানের বক্তব্যে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ গেমসের সফল আয়োজনের জন্য উত্তরাখন্ডের সরকার ও গেমসের আয়োজক কমিটিকে অভিনন্দন জানান। তিনি বলেন, এই গেমস থেকে আগামীদিনের প্রচুর সম্ভাবনা তৈরী হয়েছে। যার ফলে অলিম্পিক সহ আন্তর্জাতিক আসরে খেলোয়াড়রা দেশকে সুনাম এনে দিতে পারবে। তিনি বলেন, এই গেমসের পরবর্তী আসর হবে মেঘালয়ে। মেঘালয়ের পাশাপাশি উত্তর পূর্বের বিভিন্ন রাজ্যেও গেমসের কয়েকটি ইভেন্টের আয়োজন করে ঐক্যের বার্তা ছড়িয়ে দেয়া হবে।

এর আগে ভারতীয় অলিম্পিক সংস্থার সভাপতি ড. পি টি উষা আই ও এ'র পতাকা তুলে দেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের

হাতে। তিনি সেই পতাকা তুলে দেন মেঘালয়ের মুখ্যমন্ত্রী কোনরাড সাংমার হাতে। সবশেষে হয় সাংস্কৃতিক অনুষ্ঠান।

এদিকে আসরে মোট ৪৫৭টি স্বর্ণপদকের ফয়সলা হয়েছে। এরমধ্যে ৬৮টি স্বর্ণপদক নিয়ে সার্ভিসেস স্পোর্টস কন্ট্রোল বোর্ড তালিকার শীর্ষে রয়েছে। ৫৪টি স্বর্ণ পদক নিয়ে মহারাষ্ট্র দ্বিতীয় স্থানে এবং ৪৮টি স্বর্ণপদক নিয়ে হরিয়ানা তৃতীয় স্থানে লড়াই শেষ করে।

*************************

**Weather :**

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস।

***************************